২৮/৪/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

# নকলমুক্ত পরীক্ষা : বরিশালে মতবিনিময় সভা

বরিশাল ব্যুরো

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) বরিশাল আঞ্চলিক শাখা আয়োজিত এক মতবিনিময় সভায় বরিশাল বোর্ড ও শিক্ষক নেতৃবৃন্দ আসন্ন এইচএসসি পরীক্ষাও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত করার অঙ্গীকার করে। মতবিনিময় সভার প্রধান অতিথি বরিশাল বোর্ড চেয়ারম্যান প্রফেসর আবদুস সালাম বলেন, শিক্ষক, অভিভাবক, ছাত্রছাত্রী সর্বোপরি সমাজ চায় পরীক্ষায় নকল বন্ধ হোক। আমাদের সম্মিলিত প্রচেষ্টায় নকল বন্ধ হবেই। পরীক্ষা নিয়ন্ত্রক গোপাল চন্দ্র সাহা বলেন, নকলমুক্ত পরীক্ষা এখন সময়ের দাবি। শিক্ষক নেতৃবৃন্দ বলেন, আগামী প্রজন্মকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে নকল প্রতিরোধ করতে হবে। গতকাল মুক্তিযোদ্ধা সংসদ মিলনায়তনে মনুষ্ঠিত এ মতবিনিময় সভায় অধ্যাপক ামসুল আলম, গৌরাঙ্গ চন্দ্র কুণ্ড, শফিকুল সলাম, মিজানুর রহমান, মোক্তার হাসেন, সিরাজুল ইসলাম, ফারুকুর হমান, মোস্তফা মীর বহর, আঃ সাত্তার, রুন-অর-রশীদ, শফিউল্লাহ প্রমুখ বক্তৃতা রেন।